ভোরের কাগজ

FEB. 04 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ... ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে উইমেন্স স্টাডিজে ভর্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে উইমেন্স স্টাডিজ বিভাগে ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষে মাস্টার্স অব সোশ্যাল সায়েন্সেস (এমএসএস) কোর্সে ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। যারা ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশের অন্যান্য বিশ্ববিদ্যালয় এবং বিদেশের যে কোন বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত বিভাগ থেকে স্নাতকোত্তর ছাত্রছাত্রীরা : ∴ সামাজিক বিজ্ঞান অনুষদ থেকে সকল বিভাগ ∴ কলা অনুষদ থেকে বাংলা, ইংরেজী, দর্শন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, গণযোগাযোগ ও সাংবাদিকতা ∴ বিজ্ঞান অনুষদ থেকে পরিসংখ্যান, ভূগোল ও পরিবেশ ∴ আইন অনুষদ থেকে আইন বিভাগ ∴ জীববিজ্ঞান অনুষদ থেকে মনোবিজ্ঞান বিভাগ ∴ বাণিজ্য অনুষদ থেকে সকল বিভাগ। এছাড়াও বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউটসমূহ থেকে পুষ্টি ও খাদ্যবিজ্ঞান, সমাজকল্যাণ ও গবেষণা, শিক্ষা ও গবেষণা, পরিসংখ্যান, গবেষণা ও শিক্ষা এবং ব্যবসায় প্রশাসনে ইনস্টিটিউটের ছাত্রছাত্রী আবেদন করতে পারবে। ন্যূনতম বিএসএস অনার্সসহ ২য় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং ভর্তিচ্ছুদের মধ্যে কোন তৃতীয় বিভাগ/শ্রেণী থাকা যাবে না। দ্বিতীয়বার মাস্টার্স ডিগ্রী ভর্তির ক্ষেত্রে যেসব ছাত্রছাত্রী ১৯৯৪-৯৫ সেশনের পূর্বে মাস্টার্স ডিগ্রী সমাপ্ত করেছে তারা আবেদন করতে পারবে না। নির্ধারিত ভর্তি ও অন্যান্য ফি ছাড়াও ৫ হাজার টাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রদান করতে হবে। আবেদনপত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলাভবনের ৫ম তলায় অবস্থিত উইমেন্স স্টাডিজ বিভাগের অফিস (কক্ষ নং-৫০২৫) থেকে আগামী ২ ফেব্রুয়ারী থেকে ১০ ফেব্রুয়ারী অফিস চলাকালীন সময়ে ৩০০ টাকার বিনিময়ে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করা যাবে। ভর্তি পরীক্ষা ১৮ ফেব্রুয়ারী (সোমবার) অনুষ্ঠিত হবে। এছাড়া প্রয়োজনীয় আরও তথ্যের জন্য বিভাগীয় অফিসে যোগাযোগ করতে পারেন।

❑ মুহাম্মদ আমীরুল হক চৌধুরী